



সংবিধান সংস্কার পরিষদ নিয়ে সংসদে আলোচনা হতে পারে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

সংবিধান সংস্কার পরিষদ প্রসঙ্গে জাতীয় সংসদের অধিবেশন কক্ষে আলোচনা হতে পারে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ। শনিবার জাতীয় সংসদে কার্য উপদেষ্টা কমিটির বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ তথ্য জানান।

মন্ত্রী বলেন, অধিবেশন কতদিন চলবে, কোন কোন ইস্যু আলোচনায় আসবে, নতুন আইন উত্থাপনের সম্ভাবনা এবং রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনার সময়সীমা এসব বিষয় বৈঠকে বিস্তারিত পর্যালোচনা করা হয়েছে।

তিনি আরও জানান, ১৫ মার্চ অধিবেশন শেষে সংসদ মূলতবি থাকবে এবং ঈদের বিরতির পর ২৯ মার্চ আবার অধিবেশন শুরু হবে। পুরো এপ্রিল মাসজুড়ে সংসদের কার্যক্রম চলবে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, অন্তর্বর্তী সরকারের সময়ে জারি করা অধ্যাদেশগুলো বিশেষ কমিটিতে পাঠানো হবে। কমিটির যাচাই-বাছাই শেষে সেগুলো প্রতিবেদন আকারে সংসদে উপস্থাপন করা হবে।

LENS ASIA